

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**
Date: 29-12-2025
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN

Headlines :

- (১) রাজ্য মুখ্যমন্ত্রী নিরাময় আরোগ্য অভিযান আগামী ৩১শে ডিসেম্বর থেকে শুরু হচ্ছে।
- (২) কৃষিমন্ত্রী রতন লাল নাথ বলেছেন, রাজ্য সরকার রাজ্যের সর্বত্র বৃষ্টির জল সংরক্ষণ ও বনায়নের উপর বিশেষ গুরুত্ব দিচ্ছে।
- (৩) স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ বলেছেন যে প্রধানমন্ত্রী নবেন্দ্র মোদীর নেতৃত্বে গত ১১ বছরে আসাম এবং অন্যান্য উত্তর-পূর্বাঞ্চলীয় রাজ্যগুলিতে অভূতপূর্ব উন্নয়ন হয়েছে।
- (৪) বিজয় হাজারে ট্রফি সীমিত ওভারের ক্রিকেটের ফ্রপের তৃতীয় খেলায় আজ ত্রিপুরা জয়লাভ করবে।

CM :

মুখ্যমন্ত্রী নিরাময় আরোগ্য অভিযান আগামী ৩১শে ডিসেম্বর থেকে রাজ্যে শুরু হচ্ছে। ত্রিদিন বেলা একটায় প্রজ্ঞা ভবনে অভিযানের সূচনা করবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। বর্তমানে ৩০ বছরের উর্ধ্বে মানুষের মধ্যে উচ্চ রক্তচাপ, ডায়াবেটিস, হৃদরোগ, স্ট্রোক এবং বিভিন্ন ধরনের ক্যান্সার একটি বড় সমস্যা হিসেবে দেখা দিয়েছে। অনেক ক্ষেত্রেই এসব রোগ দীর্ঘদিন ধরা পড়ে না এবং পরবর্তী সময়ে মারাত্মক আকার ধারণ করে। এই পরিস্থিতিতে রাজ্য সরকার একটি প্রতিরোধমূলক ও জনমুখী উদ্যোগ হিসেবে এই অভিযান শুরু করতে চালেছে।

Agriculture Minister :

কৃষ্ণমন্ত্রী রতন লাল নাথ বলেছেন, রাজ্য সরকার রাজ্যের সর্বত্র বৃষ্টির জল সংরক্ষণ ও বনায়নের উপর বিশেষ গুরুত্ব দিচ্ছে। আজ মোহনপুর, তারানগরের তারা সুন্দরী বাঁধ সংলগ্ন এলাকায় অনুষ্ঠিত ‘ওয়াটারশেড ম্যানেজমেন্ট ফেস্টিভ্যাল ২০২৫’ এর উদ্বোধনী অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি বলেন, বৃষ্টির জল সংরক্ষণের জন্য পুরুর খনন এবং জলাধার তৈরি করতে হবে। তিনি আরো জানান, রাজ্যে ওয়াটারশেড ম্যানেজমেন্ট পরিকল্পনা ফেজ-২ ২০২১-২২ সালে শুরু হয়েছে। রাজ্যে বর্তমানে ১৮টি মহকুমায় এ পর্যন্ত ৪৮টি প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। আগামী বছরের মার্চ মাসে ফেজ-৩ কাজ শুরু হবে।

Minister Tinku Roy :

যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিঙ্কু রায় বলেছেন, কেন্দ্রীয় সরকারের "নতুন শিক্ষানীতি-২০২০" অনুসারে শিক্ষার্থীদের আত্মনির্ভর ও স্বাভিমানী করে তোলার লক্ষ্যে রাজ্য সরকারও প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। আজ কৈলাশহরের নেতাজি শিক্ষা নিকেতনের বজত জয়ন্তী বর্ষ উদযাপন অনুষ্ঠানে তিনি একথা বলেন। কৈলাশহরের শ্রীরামপুর স্বামী বিবেকানন্দ ভবনে আয়োজিত তিনদিনের এই অনুষ্ঠানে মন্ত্রী শ্রী রায় স্কুলের নিজস্ব ওয়েবসাইট ও একটি স্মরণিকার উদ্বোধন করেন। একটি তথ্যচিত্রও প্রদর্শিত হয়। গৌণজনদের সংবর্ধনা জানানো হয়। উপস্থিতি ছিলেন, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়, ভারপ্রাপ্ত মহকুমা শাসক কার্জন হালাম প্রমুখ।

Special Story on- 2025-India's Military Resolve :

২০২৫ নতুন করে ভারতের জাতীয় নিরাপত্তার ভাবনা চূড়ান্ত চেহারায় সংজ্ঞায়িত হওয়ার জন্য স্মরণীয় হয়ে থাকবে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে ভারত প্রমাণ করেছে, দেশের নাগরিকদের উপর আক্রমণের জবাব শুধুমাত্র সংযমে নয়, বরং দ্রুত, সুনির্দিষ্ট ও নির্ণয়ক পদক্ষেপে দেওয়া

হবে। জাতীয় নিরাপত্তার প্রশ্নে আমাদের নতুন ভারতের ছবিতে নিও নরমাল বা নতুন স্বাভাবিকতার দিকেই বছর শেষের মুখে একটু ফিরে দেখার কথা শুনুন এই প্রতিবেদনে।

#####VC#####

Student Death-Uttarakhand :

উত্তরাখণ্ডের দেরাদুনে ত্রিপুরার ছাত্র এঙ্গেল চাকমার মৃত্যুর ঘটনায় দোষীদের কঠোরতম শাস্তির দাবি জানিয়েছেন সাংসদ বিপ্লব কুমার দেব। তিনি জানিয়েছেন, মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা এবং তিনি নিজেও এই বিষয়ে উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী পুঁক্ষর সিং ধামির সঙ্গে কথা বলেছেন।

প্রদেশ কংগ্রেস সভাপতি আশীর কুমার সাহা এই হত্যাকাণ্ডের তীব্র নিন্দা জানিয়েছেন এবং দোষীদের কঠোর শাস্তি প্রদানের জন্য দাবি জানিয়েছেন।

এদিকে, দেরাদুন শহরের পুলিশ সুপার প্রমোদ কুমার সাংবাদিকদের জানিয়েছেন, এঙ্গেল চাকমাকে খুনের ঘটনায় এখনো পর্যন্ত পাঁচজনকে গ্রেফ্টার করা হয়েছে। এরমধ্যে তিনজনকে জেল হাজতে পাঠানো হয়েছে। বাকি দুজন জুভেনাইল হোমে আছে। মূল অভিযুক্ত যোগ্য আবস্থি পলাতক।

Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#####Sound Byte#####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ড্রিউ. ড্রিউ. ড্রিউ. ড্রিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

* * * * *

Amit Shah :

স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ বলেছেন যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে গত ১১ বছরে আসাম এবং অন্যান্য উত্তর-পূর্বাঞ্চলীয় রাজ্যগুলিতে অভূতপূর্ব উন্নয়ন হয়েছে। শ্রী শাহ আজ আসামে একদিনের সফরকালে একাধিক প্রকল্পের উদ্বোধন করেন।

বটত্রুব থানে পুনর্নির্মিত মহাপুরুষ শ্রীমন্ত শক্তরদেব আবির্ভাব ক্ষেত্র উদ্বোধনের পর নগাঁও জেলায় এক জনসভায় বক্তব্য রাখতে গিয়ে শাহ বলেন, সরকার আসাম এবং বৃহত্তর উত্তর-পূর্বে শান্তি প্রতিষ্ঠা এবং উন্নয়ন স্বরাষ্ট্রিত করতে সফল হয়েছে।

তিনি রাজ্যের উন্নয়নে অতীতের ব্যর্থতার জন্য কংগ্রেস দলের সমালোচনা করেন। পরে, শাহ গুয়াহাটি পুলিশ কমিশনারের কার্যালয়ের একটি নতুন ভবন এবং নগর নিরাপত্তা জোরদার করার লক্ষ্যে একটি সমন্বিত শহর নজরদারি ব্যবস্থার উদ্বোধন করেন। তিনি গুয়াহাটিতে ৫,০০০ আসন বিশিষ্ট জ্যোতি বিশু সাংস্কৃতিক কমপ্লেক্সের উদ্বোধন করেন।

পশ্চিমবঙ্গে যাওয়ার আগে, শাহ গুয়াহাটিতে নবনির্মিত শহীদ স্মারক ক্ষেত্রে আসাম আন্দোলনের শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। আসামের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা, কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সোনোয়াল, বিদেশ প্রতিমন্ত্রী পবিত্র মার্গারিটা এবং অন্যান্য কর্মকর্তারা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

* * * * *

District Level Science Seminar :

অর্থমন্ত্রী প্রণজৎ সিংহ রায় আজ উদয়পুরে দুইদিনব্যাপি গোমতি জেলাভিত্তিক বাল বিজ্ঞানী প্রদর্শনী ও ১ দিনের বিজ্ঞান সেমিনারের সূচনা

করে বলেন, বিজ্ঞানের অবদান অনন্ধিকার্য বিজ্ঞানকে গুরুত্ব দিয়ে দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই প্রকল্পের সূচনা করেন। এর মধ্য দিয়ে নতুন ভারত গড়ে উঠবে। তিনি বলেন, যুবকদের উদ্ভাবনী শক্তিকে কাজে লাগিয়ে দেশকে অগ্রগতির পথে নিয়ে যেতে হবে। এক্ষেত্রে শিক্ষক শিক্ষিকা ও অভিভাবকদের ভূমিকা গুরুত্বপূর্ণ। সমগ্র শিক্ষা প্রকল্পের অধীনে উদয়পুরের কে.বি. ইনসিটিউশনে আয়োজিত এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক অভিযোক দেবরায়, উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতল চন্দ্র মজুমদার, গোমতি জেলা শাসক রিস্কু লেখার প্রমুখ।

* * * * *

NEP :

জাতীয় শিক্ষানীতিকে সঠিকভাবে বাস্তবায়িত করার লক্ষ্যে আজ খোয়াই জেলাশাসক কার্যালয়ে জেলার ১০৩টি মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের নিয়ে অনুষ্ঠিত হয় কার্যক্রম পরিচালনা বৈঠক। এই বৈঠকে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলাশাসক অভেদানন্দ বৈদ্য, জেলা শিক্ষা আধিকারিক স্বপন সরকার। পর্যালোচনা বৈঠকে জেলার প্রতিটি বিদ্যালয়ের শিক্ষার্থীদের কিভাবে আরও মননশীলতা, একাগ্রতা, কার্যক্ষমতা, পর্যবেক্ষণ ক্ষমতা বৃদ্ধি করা যায় সে বিষয়ে আলোচনা করা হয়। তাছাড়া সহর্ষ, বালিকা মঞ্চ, স্মার্ট ক্লাস, দক্ষতা উন্নয়ন বিষয়গুলো নিয়ে প্রতিটি বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের প্রশিক্ষণ দেওয়া হয়। প্রতিটি বিদ্যালয়ের প্রথম থেকে অষ্টম শ্রেণীর শিক্ষার্থীদের সহর্ষ বিষয়ে পাঠদান করার জন্য পর্যালোচনা বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয়।

* * * * *

Arunachal Pradesh :

উন্কোটি জেলা পুলিশ প্রশাসন ও শ্রম দপ্তরের সক্রিয় উদ্যোগে আজ বিকালে রাজ্যের ৪৫ জন শ্রমিককে অরুণাচল প্রদেশ থেকে কৈলাশহরে আনা হয়েছে। উদ্বারকৃতদের মধ্যে ৩৪ জন কৈলাশহর মহকুমার এবং বাকী ১১

জন ধর্মনগর মহকুমার। শ্রমমন্ত্রী টিংকু রায় আজ কৈলাশহর থানায় গিয়ে
শ্রমিকদের সঙ্গে কথা বলেন।

* * * * *

AIKS South :

সারা ভারত কৃষক সভার দক্ষিণ জেলা সম্মেলন আজ বিলোনিয়ার করুণা
রায় স্মৃতি ভবনে অনুষ্ঠিত হয়। সম্মেলনের উদ্বোধন করেন সারা ভারত
কৃষক সভার রাজা সম্পাদক পবিত্র কর। কৃষক নেতা নিতাই বিশ্বাস,
রতন দাস প্রমুখ সম্মেলনে বক্তব্য রাখেন। সম্মেলন থেকে মিহির পাটারীকে
সভাপতি ও বাবুল দেবনাথকে সম্পাদক করে নতুন দক্ষিণ জেলা কমিটি
গঠিত হয়।

* * * * *

Science Fair :

পিএমশ্রী জোলাইবাড়ি মহেন্দ্র মোহন দ্বাদশ বালিকা বিদ্যালয়ে আজ থেকে
শুরু হয়েছে দুইদিনের বাল বৈজ্ঞানিক প্রদর্শনী। প্রদর্শনীতে জেলার
বিলোনিয়া, সাক্রম ও শান্তিরবাজার মহকুমার বিভিন্ন স্কুল থেকে নির্বাচিত
মোট ৩০টি মডেল নিয়ে ছাত্র-ছাত্রীরা অংশ নিয়েছে।

* * * * *

Swadeshi Mela-Mayor :

পুর নিগমের উদ্যোগে আগামী ৯ই জানুয়ারি থেকে আগরতলার বিবেকানন্দ
ময়দানে তিনদিন ব্যাপী স্বদেশী মেলা অনুষ্ঠিত হবে। এই মেলার সূচনা
করবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। মেলা প্রতিদিন দুপুর দুটো
থেকে রাত নটা পর্যন্ত চলবে। পুর নিগমের মেয়র দীপক মজুমদার
জানিয়েছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির লোকাল ফর ভোকাল স্লোগানকে
সামনে রেখেই রাজ্যে প্রথমবারের মতো অনুষ্ঠিত হতে যাচ্ছে এ ধরনের
স্বদেশী মেলা। প্রতিদিনই স্বদেশী পণ্যের প্রতি উৎসাহিত করতে বিশিষ্ট

বঙ্গরা স্বদেশী জাগরণ নিয়ে বক্তব্য রাখবেন। তাছাড়া থাকবে সাংস্কৃতিক অনুষ্ঠান ও বিভিন্ন খাবারের স্টল।

* * * * *

North East Little Magazine :

চারদিনব্যাপী দশম উত্তর পূর্বাঞ্চলীয় লিটল ম্যাগাজিন সম্মেলন আজ আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবন প্রাঙ্গণে শেষ হচ্ছে। সম্মেলনের আহবায়ক শুভরাত দেব জানিয়েছেন, উত্তর পূর্বাঞ্চলের বিভিন্ন রাজ্য থেকে ১২৫টির বেশি লিটল ম্যাগাজিনের সঙ্গে যুক্ত কবি, লেখক, প্রকাশক অংশ গ্রহণ করেন। সম্মেলনে রাজ্য ও বহিঃরাজ্যের বিশিষ্ট শিল্পীরা চিত্রকলার এক কর্মশালায় যোগ দেন। চলতি বছরের লিটল ম্যাগাজিন সম্মেলন বাংলা ভাষায় সীমাবদ্ধ না থেকে ত্রিপুরার বিভিন্ন সংখ্যালঘু ভাষার পাশাপাশি উত্তরপূর্বের অন্যান্য রাজ্যের ভাষাগুলির জন্যও উন্মুক্ত ছিল।

* * * * *

TB-Food Basket :

NEEPCO ও আগরতলা রোটারি ক্লাব যৌথভাবে আজ রানীর বাজার প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এবং জিরানিয়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ১০০টি খাবার ঝুড়ি টিবি রোগীদের মধ্যে বিতরণ করেছে। এই উদ্যোগটি প্রধানমন্ত্রীর নিষ্কায় মিত্র কর্মসূচির সঙ্গে সঙ্গতিপূর্ণ।

* * * * *

Vijay Hazare Trophy :

বিজয় হাজারে ট্রফি সীমিত ওভারের ক্রিকেটের গ্র্সপের তৃতীয় খেলায় আজ ত্রিপুরা জয়লাভ করেছে। আমেদাবাদের এডিএসএ রেলওয়ে ক্রিকেট মাঠে অনুষ্ঠিত খেলায় রাজ্যদল ৬৬ রানে রাজস্থানকে হারিয়ে দেয়। তিন ম্যাচে দুটিতে জয় পায় রাজ্যদল।

* * * * *

Vijay Merchant :

ত্রিপুরা ও তামিলনাড়ুর মধ্যে বিজয় মাটেন্ট ট্রফি অনূর্ধ্ব ১৬ বছরের ক্রিকেটের তিনদিনের খেলা আজ থেকে শুরু হয়েছে। কর্ণাটকের শিমোগার কে এস সি এ মাঠে অনুষ্ঠিত খেলায় প্রথমে ব্যাট করতে নেমে রাজ্যদলের প্রথম ইনিংস মাত্র ৭৮ রানে শেষ হয়ে যায়। জবাবে খেলতে নেমে তামিলনাড়ু প্রথম ইনিংসে লিড নিয়ে দিনের শেষে ২ উইকেট হারিয়ে ১৬৪ রান করে।

* * * * *

Weather :

আজ রাত থেকে আগামীকাল সকালে পশ্চিম জেলা, খোয়াই, সিপাহীজলা, গোমতী, ধলাই ও দক্ষিণ ত্রিপুরা জেলার কিছু স্থানে ঘন কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ১৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ১৭.৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৪.২ ডিগ্রি সেলসিয়াস। এদিকে, ভারতীয় আবহাওয়া বিভাগ আগামীকাল থেকে আগামী তেসরো জানুয়ারী পর্যন্ত ত্রিপুরা, আসাম, মেঘালয়, নাগাল্যান্ড, মণিপুর ও মিজোরামে ঘন কুয়াশার সতর্কতা জারি করেছে।

* * * * *